# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 29.08.2024** **Time: 7.35AM**

বিশেষ বিশেষ খবর –

১) ধর্ষণে সর্বোচ্চ সাজা হিসেবে ফাঁসির সংস্থান রেখে আইন প্রণয়নের জন্য রাজ্য সরকার বিধানসভায় বিল আনবে।

২) কর্ম বিরতি চালিয়ে যাওয়া জুনিয়ার ডাক্তারদের কাজে ফেরার আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, আর জি কর-এর ঘটনায় তিনি হতাশ এবং আতঙ্কিত।

৪) মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে আজ ধর্মতলায় ধর্ণা কর্মসূচী বিজেপি-র।

৫) উচ্চ-প্রাথমিকে ১৪ হাজারের বেশি শূন্যপদে নিয়োগের জন্য নতুন করে মেধা তালিকা প্রকাশের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৬) আসন্ন মরসুমের জন্য সি এ বি সিনিয়ার বাংলা দলের সম্ভাব্য ৩১ জন ক্রিকেটারের নাম ঘোষণা করেছে।

oooooooooooooooooooo

ধর্ষণের সর্বোচ্চ সাজা হিসাবে ফাঁসির সংস্থান রেখে আইন প্রণয়নের জন্য রাজ্য সরকার বিধানসভায় বিল আনতে চলেছে। গতকাল নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই প্রস্তাব অনুমোদিত হয়। এজন্য সোমবার দোসরা সেপ্টেম্বর বিধানসভায় বিশেষ অধিবেশন ডাকা হয়েছে। ঐদিন প্রয়াত প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের প্রতি শ্রদ্ধা জানিয়ে শোক প্রস্তাব গ্রহণের পর দিনের মত অধিবেশন মুলতুবি হয়ে যাবে। মঙ্গলবার রাজ্যের তরফে প্রস্তাবিত বিল পেশ করা হবে বলে পরিষদীয় দপ্তর সূত্রে জানা গেছে। আলোচনায় অংশ নেবেন মুখ্যমন্ত্রীও। বিলের খসড়া তৈরির দায়িত্ব দেওয়া হয়েছে মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকা, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী, আইন মন্ত্রী মলয় ঘটক ও অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্যকে। বিরোধীরাও বিলের ওপর আলোচনায় অংশ নেবেন বলে মুখ্যমন্ত্রীর আশা।

এর আগে তৃণমূল ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে মেয়ো রোডের সভায় মমতা বলেন, ধর্ষণের একমাত্র শাস্তি মৃত্যুদন্ড। কেন্দ্রের কাছে কঠোর আইনের দাবি জানিয়েও সাড়া মেলেনি। আগামী দিনেও তৃণমূল কংগ্রেস আন্দোলন চালিয়ে যাবে।

(বাইট – মমতা)

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী বলেন, কেন্দ্র ধর্ষণ রোধে কড়া কোন আইন না আনলে তিনি বে-সরকারী সদস্য বিল নিয়ে আসবেন।

ooooooooooooooooooo

আর জি কর কান্ডের প্রতিবাদে কর্মবিরতি চালিয়ে যাওয়া জুনিয়ার ডাক্তারদের আরও একবার কাজে ফেরার আবেদন জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেছেন, অনেক মানুষ চিকিৎসা পাচ্ছেন না, বেঘোরে মারা যাচ্ছেন। তিনি এখনও কোনো ব্যবস্থা নেননি, কিন্তু এই পরিস্থিতি অনির্দিষ্টকাল চলতে পারেনা।

(বাইট – মমতা ডাক্তার)

কলকাতার মেয়ো রোডে তৃণমূল ছাত্র পরিষদের সভায় গতকাল আর জি কর কান্ডের সিবিআই তদন্তের অগ্রগতি নিয়েও প্রশ্ন তোলেন মুখ্যমন্ত্রী।

প্রদেশ কংগ্রেসের ছাত্র সংগঠন, ছাত্র পরিষদের ৭১-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল কলকাতার মহাজাতি সদনে এক অনুষ্ঠানে দলের প্রবীণ নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেন, তৃণমূল কংগ্রেসের আমলে রাজ্যে এক ভয়ানক পরিস্থিতি তৈরি হয়েছে। মমতা ব্যানার্জীর সরকার ও তার পুলিশ গোড়া থেকে ঘটনাটিকে আড়াল করার, সত্যকে ধামাচাপা দেওয়ার চেষ্টা চালিয়ে যাচ্ছে। বাংলা তথা দেশের গন্ডী ছাড়িয়ে বিশ্বের বিভিন্ন প্রান্তে আর জি করের ঘটনার প্রতিবাদ হচ্ছে বলেও জানান অধীর বাবু।

(বাইট – অধীর)

আর জি কর কান্ডের প্রতিবাদে কংগ্রেস আজ কলেজ স্কোয়ার থেকে শ্যামবাজার পর্যন্ত মিছিল করবে।

ooooooooooooooooooooooo

ধর্ষণের সর্বোচ্চ সাজা হিসাবে ফাঁসির সংস্থান রেখে মুখ্যমন্ত্রীর বিল আনার ঘোষণাকে তীব্র কটাক্ষ করেছেন সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী। এর আগের বিভিন্ন ধর্ষণ ও হত্যার ঘটনা মনে করিয়ে দিয়েছেন তিনি।

বাইট

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালের ঘটনায় তিনি হতাশ এবং আতঙ্কিত বলে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জানিয়েছেন। ৯-ই আগস্ট চিকিৎসক ধর্ষণ ও হত্যার ঘটনাটি প্রকাশ্যে

আসার পর তাঁর প্রথম সরকারি বিবৃতিতে রাষ্ট্রপতি বলেছেন, নৃশংস ঐ ঘটনা গোটা দেশের মানুষকে স্তম্ভিত করে দিয়েছে। যথেষ্ট হয়েছে, আর নয় – সমবেতভাবে এই বার্তা নিয়ে সোচ্চার হতে জনসাধারণের প্রতি আবেদন জানিয়েছেন তিনি। মহিলাদের বিরুদ্ধে অপরাধের ঘটনার সাম্প্রতিক বাড়বাড়ন্ত নিয়ে শ্রীমতি মুর্মু বলেছেন, এর শিকড় খুঁজে বের করতে সততার সঙ্গে আত্মসমীক্ষা করা প্রয়োজন। তাঁর কথায়, ছাত্রছাত্রী, ডাক্তার এবং নাগরিকরা যখন কলকাতায় প্রতিবাদ করছেন, তখন অন্য কোথাও শিকারের অপেক্ষায় রয়েছে অপরাধীরা। এমনকি শিশু কন্যারাও রেহাই পাচ্ছে না। কোনো সভ্য সমাজ, কন্যা এবং বোনেদের এধরনের নির্যাতনের শিকার হতে দিতে পারে না।

ooooooooooooooo

তৃণমূল ছাত্র পরিষদের সভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী হিংসায় উস্কানি দিয়েছেন বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহকে চিঠি দিয়ে অভিযোগ জানিয়েছেন বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। তিনি লিখেছেন, রাজ্যের সর্বোচ্চ প্রশাসনিক পদে থেকেও খোলাখুলি বদলার রাজনীতি করার কথা বলেছে মুখ্যমন্ত্রী। শ্রী মজুমদারের দাবি, বাংলায় যদি আগুন জ্বলে, তাহলে আসম, বিহার, ঝাড়খন্ড, ওড়িশা, দিল্লীও জ্বলবে বলে মুখ্যমন্ত্রীর মন্তব্য রাষ্ট্র বিরোধী। তাঁর ওপর নজরদারির দাবি জানিয়েছেন তিনি। গতকাল দলের বনধ্ কর্মসূচী নিয়ে এক সাংবাদিক বৈঠকে সুকান্তবাবু বলেন

(বাইট – সুকান্ত)

ooooooooooooooo

আর জি কর-এর ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে বিজেপি আজ ধর্মতলায় ধর্ণা কর্মসূচী পালন করবে। রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার গতকাল রাতে ডোরিনা ক্রসিং-এ ধর্ণা মঞ্চ তৈরির কাজ দেখতে যান। পুলিশ সেখানে বিজেপি কর্মীদের মঞ্চ তৈরিতে বাধা দিচ্ছে বলে সুকান্তবাবুর অভিযোগ।

ধর্ণার পাশাপাশি মহিলা কমিশনের নিষ্ক্রিয়তার বিরুদ্ধে আগামীকাল বিজেপি মহিলা মোর্চা, রাজ্য মহিলা কমিশনে তালা লাগাও অভিযান করবে। আগামী দোসরা সেপ্টেম্বর মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি ও ছাত্রদের ওপর বর্বোরচিত আক্রমণের প্রতিবাদে সারা রাজ্যে জেলাশাসকের দফতর ঘেরাও করা হবে। চার তারিখ রাজ্যের প্রতিটি ব্লক অফিসে ধর্ণা অবস্থান পালন করা হবে। ৬-ই সেপ্টেম্বর দুপুর ১২-টা থেকে ২-টো পর্যন্ত রাজ্যের সর্বত্র রাস্তা অবরোধ করবে বিজেপি।

ooooooooooooooo

আর জি কর কান্ডের প্রতিবাদে পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে DYFI-এর মিছিলে হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। জানা গেছে গতকাল বিকেলে দুর্গাপুরে মিছিল বের করে DYFI। একই সময় সিটি সেন্টারেও তৃণমূল কংগ্রেসের একটি মিছিল বের হয়। দুর্গাপুর নগর নিগমের কাছে তৃণমূল কর্মীদের সঙ্গে DYFI কর্মীদের প্রথমে বচসা, পরে হাতাহাতি শুরু হয়, চলে ইটবৃষ্টি। ইটের আঘাতে বেশ কয়েকজন DYFI কর্মী আহত হয়েছেন বলে খবর। সি পি আই এম-এর দলীয় কার্যালয় বিমল দাশগুপ্ত ভবনে বোমাবাজি ও ভাঙচুর চালানো হয়। শাসক দলের দুষ্কৃতিরাই এই হামলার সঙ্গে জড়িত বলে সিপিআইএম-এর অভিযোগ। তৃণমূল কংগ্রেস অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও হত্যা এবং পরবর্তী ঘটনাবলীর প্রেক্ষিতে ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশন, প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে আইএমএ-র সদস্য পদ থেকে সাসপেন্ড করেছে। সংগঠনের জাতীয় সভাপতি ডক্টর আর ভি অশোকান গঠিত শৃঙ্খলারক্ষা কমিটি, সর্বসম্মতভাবে এই সিদ্ধান্ত নিয়েছে বলে জানিয়েছে আইএমএ।

এদিকে, নিহত চিকিৎসকের জন্য ন্যায়বিচারের দাবিতে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফোরাম, গতকাল শ্যামবাজার থেকে ধর্মতলা পর্যন্ত মিছিল করে। মিছিল শেষে এক সভায় সন্দীপ ঘোষের সাসপেনশন সহ তাদের দাবির কথা তুলে ধরে জুনিয়ার ডাক্তাররা বলেন, তাঁরাও কাজে যোগ দিতে চান। কিন্তু অপরাধীরা এখনও গ্রেপ্তার হয়নি। তাঁরা এখনও ন্যায় বিচারের অপেক্ষায়।

আর জি কর কান্ডের প্রতিবাদে এবং ন্যায় বিচারের দাবিতে আজ কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত মিছিলের ডাক দিয়েছে পথের দাবি নামে নাগরিক সমাজের একটি অংশ। ক্রীড়া প্রেমীদেরও এতে যোগ দেওয়ার আবেদন জানানো হয়েছে।

oooooooooooooooooooo

রাজ্য সরকারের বিভিন্ন দফতরে ৬৭৩ টি নতুন পদ সৃষ্টির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নবান্নে গতকাল মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরোহিত্যে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সরকারের বিভিন্ন দফতরে এই পদগুলি তৈরির সিদ্ধান্ত অনুমোদিত হয়েছে। এর ফলে আগামী দিনে সরকারি চাকরি প্রত্যাশী যুবদের সামনে কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে বলে মনে করা হচ্ছে। এছাড়াও এদিন রাজ্য মন্ত্রিসভার বৈঠকে একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে প্রশাসনিক সূত্রে খবর। মুখ্যমন্ত্রী সমস্ত দফতরকে কাজে গতি আনার নির্দেশ দিয়েছেন। সাম্প্রতিককালে বাংলাদেশী সন্দেহে প্রতিবেশী ওড়িশায় এরাজ্যের শ্রমিকদের উপর হামলার ঘটনা ঘটেছে। মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রী এই বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। মুখ্য সচিব ভগবতী প্রসাদ গোপালিকা এবং স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তীকে তিনি ওড়িশা সরকারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখার নির্দেশ দিয়েছেন । ছাত্র সমাজের ব্যানারে ডাকা নবান্ন অভিযানে আহত হওয়া পুলিশ কর্মীদের পাশে দাঁড়ানোর ব্যাপারেও তাঁদের নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। মন্ত্রিসভার সদস্যদের নিজের নিজের এলাকার আহত পুলিশ কর্মীদের

সঙ্গে ব্যক্তিগতভাবে যোগাযোগ করার নির্দেশ দেওয়া হয়েছে। যারা আহত হয়ে হাসপাতালে ভর্তি আছেন তাদের সঙ্গে দেখা করার জন্য মন্ত্রীদের তিনি নির্দেশ দেন।

ooooooooooooooooooo

উচ্চ প্রাথমিকে ১৪ হাজারের বেশি শূন্যপদে নিয়োগের জন্য নতুন করে মেধাতালিকা প্রকাশের নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি পার্থসারথি চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ, গতকাল স্কুল সার্ভিস কমিশনকে আগামী চার সপ্তাহের মধ্যে মেধাতালিকা প্রকাশ করতে বলেছেন। তার পরের চার সপ্তাহের মধ্যে কাউন্সেলিং করতে হবে। এর ফলে সাত বছরের নিয়োগ-জট কাটল।

ooooooooooooooooooo

নিম্নচাপ ও সক্রিয় মৌসুমী অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর । দুই মেদিনীপুর, দুই ২৪ পরগনা, কলকাতা, হাওড়া, হুগলী, ঝাড়গ্রাম, পুরুলিয়া জেলার বেশকিছু অংশে আজ বৃষ্টির সম্ভাবনা।

উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার ও উত্তর দিনাজপুরেও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হাতে পারে।

সমুদ্র উত্তাল থাকার প্রেক্ষিতে মৎস্যজীবীদের আজকের মধ্যে গভীর সমুদ্র থেকে ফিরে আসার পরামর্শ দেওয়া হয়েছে। পাশাপাশি আগামী ৩১ তারিখ পর্যন্ত তাদের সমুদ্রে না যাওয়ার কথাও বলা হয়েছে পূর্বাভাষে।

ooooooooooooooooooo

আসন্ন মরসুমের জন্য সিএবি আজ ৩১ জনের সিনিয়র বাংলা দলের ক্রিকেটারদের নাম ঘোষনা করেছে। এই তালিকায় আছেন জাতীয় দলের প্রাক্তন

ক্রিকেটার ঋদ্ধিমান সাহা। সিএবির কর্তার সঙ্গে মত বিরোধের জেরে ঋদ্ধিয়ান বাংলা ছেড়ে ত্রিপুরা চলে যান। দু মরশুম পর আবার বাংলায় ফিরেছেন। অভিমন্যু ঈশ্বরন, অনুস্টুপ মজুমদার, সুদীপ ঘরামী, শাহাবাজ আমেদ, মতো অভিজ্ঞদের পাশাপাশি তরুনদের দলে রাখা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রেফারিং এর মান উন্নয়নের লক্ষ্যে নতুন প্রযুক্তির ব্যবহার করতে চলেছে আইএফএ। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যৌথ উদ্যোগে এই প্রযুক্তির নাম 'অ্যাডভান্স রেফারিং টেকনোলজি' বা আর্ট। গতকাল আইএফএ অফিসে এক সাংবাদিক সম্মেলনে এই উদ্যোগের কথা জানানো হয়। চারমাস ধরে গবেষণার পর যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও ছাত্রছাত্রীদের গবেষণালব্ধ এই নতুন প্রযুক্তির সাহায্যে বল গোল লাইন অতিক্রম করেছে কিনা তা অনেকাংশে নির্ভুলভাবে নির্ণয় করা সম্ভব হবে। আইএফএ সচিব অনির্বাণ দত্ত বলেন, কলকাতা ফুটবল লিগের প্রিমিয়ার ডিভিশনের সুপার সিক্সের খেলায় এই প্রযুক্তির পরীক্ষা মূলক ব্যবহার করা হবে। এই প্রযুক্তি সফল হলে আগামী দিনে তা অফ সাইড, পেনাল্টির মতো ক্ষেত্রেও ব্যবহার করা যেতে পারে। তিনি জানান, এই প্রযুক্তি অত্যন্ত কম ব্যয় সাপেক্ষ। ভারতে প্রথম এই ধরনের প্রযুক্তি ফুটবল মাঠে ব্যবহার হতে চলেছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ও ফুটবল সংক্রান্ত এই প্রথম কাজ করলো। সংবাদিক সম্মেলনে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ভাস্কর গুপ্ত উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০